

এইচএসসি পরীক্ষা
দশ বোর্ডে অনুপস্থিত
৪২১৪, ঢাকা বোর্ডের
প্রশ্নে অসংগতি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

এইচএসসি ও সমমানের পরীক্ষায়
অনুপস্থিত অবস্থায় দায়ের সারা দেশে
১৪৪ জন শিক্ষার্থীকে বহিষ্কার
হয়েছে।

এ ছাড়া গতকাল রোববার অনুষ্ঠিত
ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষায় ১০টি
শিক্ষা বোর্ডে যেটি অনুপস্থিত ছিল তার
হাজার ২১৪ পরীক্ষার্থী।

ঢাকা বোর্ডের ইংরেজি দ্বিতীয়
পত্রের পরীক্ষার প্রশ্নপত্রের একটি প্রশ্নে
অসংগতি পাওয়া গেছে। প্রশ্নপত্রে
আটটি প্রশ্ন দিয়ে সব কটি লিখতে বলা
হয়। প্রকৃতপক্ষে নয়টি প্রশ্ন দিয়ে আটটি
লিখতে বলার নিয়ম রয়েছে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক
বলেছেন, একটি প্রশ্ন কম থাকায়
পরীক্ষার্থীরা বাছাই করার সুযোগ থেকে
বঞ্চিত হয়েছে এবং প্রশ্নপত্র-সংগ্রহীদের
বিরুদ্ধে এ জন্য আইনানুগ ব্যবস্থা নেওয়া
হবে।

জানা যায়, গতকালের পরীক্ষায়
বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে ৮৬ জন ছিল
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের। এ
ছাড়া ঢাকা বোর্ডে ১৩ জন, দিনাজপুর
বোর্ডে ১০ জন, বরিশাল বোর্ডে নয়জন,
যশোর বোর্ডে ছয়জন, রাজশাহী বোর্ডে
পাঁচজন, চট্টগ্রাম বোর্ডে তিনজন,
কুমিল্লা বোর্ডে দুজন এবং মাদ্রাসা শিক্ষা
বোর্ডে সাতজন পরীক্ষার্থী বহিষ্কার
হয়েছে।

এ ছাড়া দায়িত্বে অর্হেলার দায়ের
গতকাল একজন মাদ্রাসাশিক্ষককে
বহিষ্কার করা হয়েছে।